

## বাবুফে প্ৰেসিডেন্টেৰ বিবৃতি- জুলাই ২০১৭

### অ-১৮ জাতীয় দলেৰ পুনৰ্মিলনী

বিপিএল এৰং বিসিএল-এ অংশ নিষ্ছেন এমন অ-১৮ খেলোয়াড়দেৰ নিয়ে মাসেৰ শুরুর দিকে বিশেষ ট্ৰায়ালেৰ আয়োজন কৰে বাবুফে। তাৰপৰ তাদেৰ সাভাৰ বিকেএসপিতে একত্ৰিত কৰা হয়। জুলাই-এৰ ১১ তাৰিখ থেকে ১৪ দিনেৰ ক্যাম্পিং শেষে তাদেৰ পুনৰায় বিভিন্ন প্ৰতিযোগিতায় খেলতে যান তারা।

এছাড়া সাফ টুৰ্নামেণ্টকে সামনে রেখে অগাস্ট ৯ থেকে ১৪ তাৰিখ পৰ্যন্ত পাঁচ দিনেৰ আরো একটি ক্যাম্পে ৩০জন অ-১৮ খেলোয়াড়কে ডাকা হয়েছে। মৌসুমজুড়ে তাদেৰ মাঠেৰ পাৰফৰম্যান্সও গুৰুত্ব দেব বাবুফে।

### সাফ অ-১৫, অ-১৮ ড্ৰ

বয়সভিত্তিক প্ৰতিযোগিতায় কিছুদিনেৰ মধ্যেই মাঠে নামছে বাংলাদেশ অ-১৫ এৰং অ-১৮ দল। অগাস্ট ১৮ থেকে শুরু হতে চলা অ-১৫ দলেৰ প্ৰতিযোগিতায় ভূটান এৰং শ্ৰীলংকন সাথে এ গ্ৰুপে আছে অ-১৫ দল।

অন্যদিকে ভাৰত এৰং ভূটানেৰ সঙ্গে এ গ্ৰুপ থেকে প্ৰতিযোগিতায় অংশ নেবে অ-১৮ দল।

### অ-১৫ নাৰী দলে নতুন এগাৰো সদস্য

বাবুফেৰ ট্ৰেনিং প্ৰোগ্ৰামেৰ মাধ্যমে অ-১৫ নাৰী দলেৰ একাডেমিতে আরো ১১ জন নতুন সদস্য যোগ কৰা হয়েছে। সবমিলিয়ে একাডেমিৰ সদস্য এখন ৩৭জন। এছাড়া অ-১৬ নাৰী দলেৰ কয়েকজন সদস্য এখনো অ-১৫ দলে খেলতে পাৰবেন।

ঐ সেপ্টেম্বৰে থাইল্যান্ডে আয়োজিত হতে চলা এএফসি চ্যাম্পিয়নশীপকে সামনে রেখ বছরজুড়েই আবাসিক ক্যাম্পিং-এ অনুশীলন কৰছে অ-১৬ দল। অ-১৫ দল ঐ সময়টায় চলতি বছৰেৰ নভেম্বৰ ঢাকায় আয়োজিত হতে চলা সাফ চ্যাম্পিয়নশীপকে সামনে রেখে অনুশীলন কৰবে।

## অ-১৬ পুরুষ দল

স্থানীয় প্রতিযোগিতায় পারফরম্যান্সের ভিত্তিতে ৩৩ জন খেলোয়াড়কে বাছাই করে অ-১৬ ছেলেদের নতুন পুল তৈরি করেছে বাফুফে। এই ৩৩ জনকে সাভার বিকেএসপিতে দু'সপ্তাহ ধরে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। তারপর অগাস্টের ১৬ তারিখে এই অ-১৬ দলটি সাফ-এ অংশ নেয়ার জন্য নেপাল যাবে।

বয়সভিত্তিক একাডেমি তৈরি করার লক্ষ্যে বাফুফের পরিকল্পনার অংশ হিসেবে এই দলটিকে নিয়ে বেশ কিছুদিন কাজ করা হবে। ফুটবল পরিকল্পনার অংশ হিসেবে বর্তমানে বয়সভিত্তিক পর্যায়ে প্রশিক্ষণ ও সামগ্রিক মান উন্নয়নের উপর গুরুত্বারোপ করছে বাফুফে।

## অ-১৬ নারী দলের কোরিয়া সফর

বিদেশের আরো একটি সাফল্যময় সফর শেষে দেশে ফিরেছে অ-১৬ নারী দল। গ্রিশিয়ার পরাজিত দক্ষিণ কোরিয়ার সঙ্গে হেরে গেলেও সফরজুড়ে বেশ ভাল ফুটবল খেলেছে অ-১৬ দল। সফরে কোরিয়ার জাতীয় দলের কাছে পরাজিত হলেও বাকি দুটি ম্যাচে জয় এবং ড্র তুলে নেয় অ-১৬ মেয়েরা।

বিদেশের মাটিতে বৈরী পরিবেশে শক্তিশালী প্রতিপক্ষের বিপক্ষে খেলার মাধ্যমে দলটি যে অভিজ্ঞতা সঞ্চয় করেছে তা আসন্ন এএফসি চ্যাম্পিয়নশীপে কাজে লাগবে। উল্লেখ্য, এই চ্যাম্পিয়নশীপ একই সাথে অ-১৬ বিশ্বকাপ বাছাইপর্ব হিসেবেও বিবেচিত হবে।

## রেফারি রিফ্রেশার কোর্স

বাফুফের রেফারি কমিটির নির্দেশনায় সম্প্রতি ঢাকার মতিঝিলে রেফারি রিফ্রেশার কোর্স আয়োজন করা হয়। মোট ৮০ জন স্থানীয় রেফারির অংশগ্রহণে ঐ কোর্সে ফিফার রেফারি- তইয়ুব হাসান শামসুজ্জামান, আজাদ রহমান এবং সুজিত কুমার ব্যানার্জি উপস্থিত ছিলেন।

## অ-২৩ এএফসি চ্যাম্পিয়নশীপ

যদিও অ-২৩ দলের এএফসি চ্যাম্পিয়নশীপ ক্যাম্পেইন আরো ভালভাবে করা যেতে পারতো তবুও এর মাধ্যমে বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় সামনে এসেছে। এটা পরিষ্কারভাবে বোঝা গিয়েছে যে খেলোয়াড়দের

ফিটনেস এখনো অন্তর্জাতিক পর্যায়ে খেলার উপযুক্ত নয় এবং শক্তিশালী কোনো প্রতিপক্ষের মুখোমুখি হলেই এই দুর্বলতা বেরিয়ে আসবে।

এক্ষেত্রে ফিটনেসসহ সামগ্রিক অবস্থার উন্নতির জন্য আরো বেশি করে আন্তর্জাতিক পর্যায়ে খেলা আয়োজন করতে কাজ করছে বাফুফে। বাফুফের ইয়ুথ ডেভেলপমেন্ট প্রোগ্রামে খেলোয়াড়দের ফিটনেস এবং স্কিলের উপর জোর দিব আমরা।

## বিসিএল

দ্বিতীয় স্তরের ফুটবল প্রতিযোগিতা বাংলাদেশ চ্যাম্পিয়নস লীগ (বিসিএল) এই অগাস্ট মাসেই শুরু হবে। এই প্রতিযোগিতায় ১০টি ক্লাব অংশ নেয়ার কথা রয়েছে।

## বাবুফে এএফসি 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স

সম্প্রতি ২৪জনের অংশগ্রহণে তৃতীয় এএফসি 'সি' সার্টিফিকেট কোচিং কোর্স চলু করা হয় যা গত ৭ অগাস্ট শেষ হয়। এই কোর্সের প্রধান নির্দেশকের দায়িত্বে ছিলেন বাফুফের টেকনিক্যাল এবং স্ট্র্যাটেজিক্যাল ডিরেক্টর পল স্মলি। নিকট ভবিষ্যতে এএফসি 'বি' এবং 'এ' কোর্সও চালু করবে বাফুফে।

## ঢাকা মহানগরী ফুটবল লীগ

প্রথমবারের মতো ওয়ালটন ঢাকা মহানগরী ফুটবল লীগ গত জুলাই মাসে ঢাকার বীরশ্রষ্ঠ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে শুরু হয়।

## গ্র্যাসরুটস ফুটবল ডে

শতাধিক শিশু-কিশোরের অংশগ্রহণে সম্প্রতি গ্র্যাসরুটস ফুটবল ডে উদযাপন করেছে বাফুফে। এশিয়ান ফুটবল কনফেডারেশনের অর্থায়নে আয়োজিত এই ইভেন্ট-এর মূল উদ্দেশ্য তৃণমূল পর্যায়ে ফুটবল ছড়িয়ে দেয়া। অ-১২ ও অ-১৪ লেভেলের মোট ১১০ জন শিশু-কিশোরের অংশগ্রহণে ঢাকায় এই উৎসবের আয়োজন করা হয়।